# সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৭২১

১৯. অনুমতি গ্রহণ অধ্যায় (كتاب الاستئذان)

পরিচ্ছেদঃ ৫১. ঘুমের সময় দু’আ

باب الدُّعَاءِ عِنْدَ النَّوْمِ

আরবী

أَخْبَرَنَا أَبُو الْوَلِيدِ حَدَّثَنَا شُعْبَةُ قَالَ حَدَّثَنَا أَبُو إِسْحَقَ قَالَ سَمِعْتُ الْبَرَاءَ بْنَ عَازِبٍ يَقُولُ إِنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَمَرَ رَجُلًا إِذَا أَخَذَ مَضْجَعَهُ أَنْ يَقُولَ اللَّهُمَّ أَسْلَمْتُ نَفْسِي إِلَيْكَ وَوَجَّهْتُ وَجْهِي إِلَيْكَ وَفَوَّضْتُ أَمْرِي إِلَيْكَ وَأَلْجَأْتُ ظَهْرِي إِلَيْكَ رَغْبَةً وَرَهْبَةً إِلَيْكَ لَا مَلْجَأَ وَلَا مَنْجَى مِنْكَ إِلَّا إِلَيْكَ آمَنْتُ بِكِتَابِكَ الَّذِي أَنْزَلْتَ وَنَبِيِّكَ الَّذِي أَرْسَلْتَ فَإِنْ مَاتَ مَاتَ عَلَى الْفِطْرَةِ

বাংলা

২৭২১. বারা ইবনু ’আযিব রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেনঃ রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কোনো ব্যক্তিকে আদেশ করেন যে, সে যেন বিছানায় যাওয়ার সময় একথা বলে:

“হে আল্লাহ্! আমার জীবন আপনার কাছে সমর্পণ করলাম। আমার চেহারাকে আপনার অভিমুখী করলাম, আর আমার সকল কাজ আপনার কাছে সোপর্দ করলাম এবং আমি আপনার আশ্রয় গ্রহণ করলাম, আপনার প্রতি আগ্রহ ও ভয় নিয়ে। আপনি ছাড়া কোন আশ্রয়স্থল ও নাজাতের স্থান নেই। হে আল্লাহ্! আমি ঈমান আনলাম আপনার নাযিলকৃত কিতাবের উপর এবং আপনার প্রেরিত নবীর উপর।’ তারপর যদি সে রাতেই তোমার মৃত্যু হয় তবে ফিতরাতে ইসলামের উপর তোমার মৃত্যু হবে।”[1]

ফুটনোট

[1] তাহক্বীক্ব: এর সনদ সহীহ।

তাখরীজ: বুখারী, উযু ২৪৭; মুসলিম, যিকর ওয়াদ দু’আ ২৭১০।

আমরা এর পূর্ণ তাখরীজ দিয়েছি মুসনাদুল মাউসিলী নং ১৬৬৮, ১৭২১ ও সহীহ ইবনু হিব্বান নং ৫৫২৭, ৫৫৩৬,

৫৫৪২ ও মুসনাদুল হুমাইদী নং ৭৪০ তে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ বারা'আ ইবনু আযিব (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=83006

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন